

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা


বিষয়: খুলনা কর ভবন নির্মাণ প্রকল্পের Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব  
সভার তারিখ ২৮-১২-২০২২  
সভার সময় ৩:৪০ ঘটিকা  
স্থান অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ  
উপস্থিতি সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| প্রকল্পের নাম                                                                                             | আলোচনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | গৃহীত সিদ্ধান্ত                                                                                                                         | বাস্তবায়নকারী সংস্থা                 |
|-----------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------|
| খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প।<br>(জুলাই ২০১৯ হতে জুন ২০২২)<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭১.৭৬ কোটি সম্পূর্ণ জিওবি | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি সি ক্যাটাগরি পরিবর্তন এবং ২০২২-২০২৩ অর্থবছরের অর্থ ছাড় করা হয়নি। সে প্রেক্ষিতে এ বিভাগ হতে প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তনের জন্য ০৭ আগস্ট, ২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয় এবং প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তনসহ অর্থ ছাড়করণের জন্য ৩০ নভেম্বর, ২০২২ তারিখে পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।                                                                      | ক্যাটাগরি পরিবর্তনের জন্য যুগ্মসচিব (পরিকল্পনা) অর্থ বিভাগে যোগাযোগ করে সিনিয়র সচিব ও প্রকল্প পরিচালককে সর্বশেষ অবস্থা অবহিত করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক |
|                                                                                                           | প্রকল্প পরিচালক আরো জানান যে, Construction of TAX Building at Khulna. (Sub-Head Construction of Main Building including Civil, Internal Sanitary, Water Supply & Internal Electrification Works. (টেন্ডার আইডি নং-৬২৪৪৬৮) নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নকরণের লক্ষ্যে ৩১-১২-২০২২ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সিনিয়র সচিব মহোদয়ের সুপারিশক্রমে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে যোগাযোগ করতে হবে।                                                   | জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক |
|                                                                                                           | প্রকল্প পরিচালক আরো জানান যে, বর্তমান পরিস্থিতিতে ৫৮ ফুট উচ্চতা বিশিষ্ট ৬৫৩ টি সার্ভিস পাইলের কিউরিং এর কাজ শেষ করে ইতোমধ্যে পাইল ডাইভ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী পরবর্তীতে আরও ১৫টি সার্ভিস পাইল নির্মাণ করে ডাইভ করা হয়েছে। বেইজমেন্ট নির্মাণের লক্ষ্যে বলিডাইভ করে মাটি খননের কাজ চলমান রয়েছে। সুপারস্ট্রাকচার নির্মাণকালে পানি ব্যবহারের জন্য প্রয়োজনীয় চৌবাচ্চা নির্মাণ করতে হবে।                              | প্রয়োজনীয় চৌবাচ্চা নির্মাণপূর্বক প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।                                         |                                       |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৩

তারিখ: ২১ পৌষ ১৪২৯

০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৬) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ৭) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৮) যুগ্ম সচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১০) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ১১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ১২) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



কানাই লাল শীল  
সিনিয়র সহকারী সচিব